

জাতীয় মোবাইল অ্যাপ্লিকেশন প্রতিযোগিতায় সেরা ৮ অ্যাপ

রাহিতুল ইসলাম

দ্বিতীয়বারের মতো হয়ে গেল জাতীয় মোবাইল অ্যাপ্লিকেশন প্রতিযোগিতা। সারাদেশে প্রতিযোগিতা হওয়ার পর গত ৪ মে রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ মিলনায়তনে প্রতিযোগিতার ফল ঘোষণা ও পুরস্কার দেয়া হয়। আটটি বিষয়ে চ্যাম্পিয়ন হয়েছে আটটি অ্যাপ। সেগুলোর কথা থাকছে এখানে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিভাগ আয়োজিত এই প্রতিযোগিতায় সহযোগী ছিল ওয়ার্ল্ড সামিট অ্যাওয়ার্ড, গুগল ডেভেলপার গ্রুপ (জিডিজি) বাংলা ও জিডিজি সোনারগাঁও।

জলপাই

পরিবেশ ও স্বাস্থ্য বিভাগে চ্যাম্পিয়ন হয়েছে ‘জলপাই’ অ্যাপ। উন্নত স্বাস্থ্যসেবা দেয়ার কাজ করছে এই অ্যাপটি। এই অ্যাপ সম্পর্কে জলপাই ডটকমের প্রতিষ্ঠাতা ও



প্রধান নির্বাহী কর্মকর্তা আবু সিনা বলেন, ‘এটি স্বাস্থ্যবিষয়ক অ্যাপ। স্বাস্থ্যসেবাকে মানুষের হাতের নাগালে নিয়ে আসার জন্য আমরা কাজ করছি। অনলাইনে চিকিৎসক খুঁজে পেতে, তার সাক্ষাৎকারের সময় নিতে কিংবা ঘরে বসে ডাক্তারের সাথে অনলাইনে কথা বলা যাবে এই অ্যাপের মাধ্যমে। এখন পর্যন্ত আড়াই হাজার চিকিৎসকের তথ্য রয়েছে এই অ্যাপে।

হিরোজ অব

সেভেনটি ওয়ান

‘হিরোজ অব সেভেনটি ওয়ান’ নামে স্মার্টফোনের এই গেম চ্যাম্পিয়ন হয়েছে বিনোদন ও জীবনযাপন বিভাগে। মহান



মুক্তিযুদ্ধকে কেন্দ্র করে এই গেমটি তৈরি করেছে পোর্টব্লিস নামে একটি প্রতিষ্ঠান। ঘটনাস্থল বাংলাদেশের শনিরচর। প্রেক্ষাপট ১৯৭১ সালের স্বাধীনতায়ুদ্ধ। ঘটনার নায়ক পূর্ব বাংলার একদল গেরিলা যোদ্ধা। আর শত্রুপক্ষে রয়েছে পাকিস্তানের সেনাবাহিনী। শামসু বাহিনী বলে পরিচিত গেরিলা যোদ্ধাদের দলটি বন্দুক, মর্টার ও গ্রেনেড ব্যবহার করে একের পর এক নিধন করছে পাকিস্তানি সৈন্যদের। মাঝে মাঝে সোল্লাসে জয় বাংলা স্লোগান দিচ্ছে তারা— এই হলো সংক্ষেপে হিরোজ অব সেভেনটি ওয়ানের কাহিনি। এমনটাই জানালেন পোর্টব্লিসের কার্যপ্রধান তানজিল তাফহীম।

নীলিমার বায়োস্কোপ

শিশুদের বাংলা শেখানোর অ্যাপ ‘নীলিমার বায়োস্কোপ’ চ্যাম্পিয়ন হয়েছে শিক্ষণ ও শিক্ষা বিভাগে। ত্রিমাত্রিক (প্রিডি) অ্যানিমেশন ব্যবহার করা



হয়েছে এতে। উদাহরণ আর ছবির মাধ্যমে বাচ্চাদের বর্ণমালা শেখানো যায় এই অ্যাপ দিয়ে। এর নির্মাতা প্রতিষ্ঠান মাইক্রোটেক ইন্টারেক্টিভের সহপ্রতিষ্ঠাতা মিজানুর রহমান বলেন, অ্যাপটি পড়ালেখার জন্য শিশুদের সাহায্য করবে। এতে থাকা বিষয়স্তর ওপর মোবাইল পর্দা স্পর্শ করলে তা নড়াচড়া করবে এবং একটি

বাক্যও বলে দেবে। যেমন অ স্পর্শ করলে শোনা যাবে ‘অজগরটি আসছে তেড়ে’।

নৌকাবাইচ

পর্যটন ও সংস্কৃতি বিভাগে চ্যাম্পিয়ন হয়েছে ‘নৌকাবাইচ’। দেশে যে ধরনের নৌকাবাইচ হয়ে থাকে ঠিক সেভাবেই সাজানো হয়েছে এই অ্যাপটি। নির্মাতা প্রতিষ্ঠান



অ্যাপনোমেট্রির ব্যবসায়ের উন্নয়ন ব্যবস্থাপক আল আমিন বলেন, এতে বাইচের জন্য বেছে নেয়া যাবে পছন্দমতো নৌকা। ধাপ রয়েছে তিনটি। প্রথমটি পুকুর, তারপর হ্রদ ও সবশেষে বুড়িগঙ্গা নদীতে নৌকাবাইচের প্রতিযোগিতায় নামা যাবে।

কলরব

স্বাস্থ্য, শিক্ষা, আইনি সহায়তা, বিনোদন, সরকারি সংস্থা ও আর্থিক প্রতিষ্ঠানের তথ্য পাওয়া যাবে ‘কলরব’ অ্যাপে। ইনক্লুশন ও ক্ষমতায়ন বিভাগে চ্যাম্পিয়ন হয়েছে এই অ্যাপ। সেভ



দ্য চিলড্রেনের বাংলাদেশ শাখা বানিয়েছে এই অ্যাপ। প্রতিষ্ঠানটির প্রকল্প কর্মকর্তা মিনহাজ মাহামুদ বলেন, এখন পর্যন্ত ঢাকার ১৬টি ওয়ার্ডের তথ্য পাওয়া যাচ্ছে এতে। পুরো ঢাকার তথ্য তুলে ধরার কাজ চলছে। এ ছাড়া স্থানীয় চাকরির তথ্য পাওয়া যাবে এতে।

ভ্যাট চেকার

সরকারের অংশগ্রহণ বিভাগে চ্যাম্পিয়ন হয়েছে ‘ভ্যাট চেকার’ অ্যাপ। ভ্যাট প্রদান নিশ্চিত করা ও ভুয়া মূসক প্রতিষ্ঠান চিহ্নিতকরণে প্রযুক্তি উদ্যোক্তা জুবায়ের হোসেন ও আসিফ কামাল এই অ্যাপ বানিয়েছেন। জুবায়ের হোসেন বলেন, এই মোবাইল অ্যাপ স্মার্টফোনে নামানোর পর পণ্য বা সেবার গায়ে লেখা থাকা বিআইএন বা মূসক প্রতিষ্ঠান নিবন্ধন নম্বরটি নির্দিষ্ট ঘরে লিখে দিতে হবে। এরপর চেক বাটনে ক্লিক করতে হবে। যদি প্রতিষ্ঠানটির নিবন্ধন সঠিক থাকে তাহলে তা দেখাবে। সঠিক নিবন্ধন না থাকলে কোনো তথ্য দেখাবে না। সে ক্ষেত্রে ভুয়া চিহ্নিত প্রতিষ্ঠানের বিরুদ্ধে অ্যাপ থেকেই স্বয়ংক্রিয়ভাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে অভিযোগ জানানো যাবে।



ইয়ুথ অপরচুনিটিস

গণমাধ্যম ও সংবাদ বিভাগে চ্যাম্পিয়ন হয়েছে ‘ইয়ুথ অপরচুনিটিস’ অ্যাপ। ইয়ুথ অপরচুনিটিসের সহপ্রতিষ্ঠাতা ওসামা বিন নূর বলেন, এতে যেকোনো শিক্ষানবিস, বৃত্তি, পড়াশোনা, ফেলোশিপসহ বিভিন্ন বিষয়ের তথ্য পাবেন

